
বাংলাদেশ নির্বাচন কমিশন
সিনিয়র জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
টাঙ্গাইল
www.ecs.gov.bd

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরী



স্মারক নং- ১৭.০৯.৯৩০০.০০০.৪৪.২৬৬.২৬- ৮৬৮

তারিখ : ২৬ শ্রাবণ ১৪৩৩ / ১০ আগস্ট ২০২৬

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর ১৫ জুলাই ২০২৬ তারিখের ১৭.০০.০০০০.০২৫.৪৪.০১২.২৬-৩৭১ নং পত্রের নির্দেশনা মোতাবেক আমি মোহাম্মদ তাজুল ইসলাম, সিনিয়র জেলা নির্বাচন অফিসার, টাঙ্গাইল স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন ও উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষে **"স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্বাচনে ভোটকেন্দ্র স্থাপন ও ব্যবস্থাপনা নীতিমালা-২০২৫"** অনুযায়ী টাঙ্গাইল জেলার ১২টি উপজেলা পরিষদ, ১১টি পৌরসভা, ১২০টি ইউনিয়ন পরিষদ নির্বাচনের খসড়া ভোটকেন্দ্রের তালিকা প্রকাশ করছি।

২। প্রকাশিত খসড়া ভোটকেন্দ্রের তালিকাসমূহ সিনিয়র জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, টাঙ্গাইল, সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, উপজেলা পরিষদ কার্যালয়, পৌরসভা কার্যালয় ও ইউনিয়ন পরিষদ কার্যালয়ে সর্বসাধারণের প্রদর্শনের জন্য উন্মুক্ত থাকবে। এছাড়াও সিনিয়র জেলা নির্বাচন অফিসার, টাঙ্গাইল এর ওয়েব পোর্টালেও (ec.tangail.gov.bd) খসড়া ভোটকেন্দ্রর তালিকাসমূহ প্রদর্শিত হবে।

৩। প্রকাশিত খসড়া ভোটকেন্দ্রের তালিকার উপর নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করা হবেঃ

| | | |
|---|---|---|
| **ক) ভোটকেন্দ্রের খসড়া তালিকা প্রকাশ** | : | **১০ আগস্ট ২০২৬** |
| **খ) ভোটকেন্দ্রের খসড়া তালিকার উপর দাবী/আপত্তি গ্রহণের শেষ তারিখ** | : | **১৮ আগস্ট ২০২৬** |
| **গ) প্রাপ্ত দাবী/আপত্তি নিষ্পত্তির শেষ তারিখ** | : | **২৩ আগস্ট ২০২৬** |
| **ঘ) সম্ভাব্য ভোটকেন্দ্রের চূড়ান্ত তালিকা প্রকাশ** | : | **২৭ আগস্ট ২০২৬** |

৪। প্রকাশিত খসড়া ভোটকেন্দ্রের তালিকার উপর কোন দাবী/আপত্তি থাকলে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় (সিনিয়র জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, টাঙ্গাইল) এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়ে নির্ধারিত তারিখের (১৮ আগস্ট ২০২৬) মধ্যে অফিস চলাকালীন সময়ে যথাযথ প্রমানাদিসহ আবেদনপত্র দাখিল করা যাবে।

১০/৮/২০২৬
মোহাম্মদ তাজুল ইসলাম
(পরিচিতি নম্বর: ১০৯০৫০২৮)
সিনিয়র জেলা নির্বাচন অফিসার
টাঙ্গাইল
ফোনঃ ০২৯৯৭৭১৪১৫১

স্মারক নং- ১৭.০৯.৯৩০০.০০০.৪৪.২৬৬.২৬- ৮৬৮

তারিখ : ২৬ শ্রাবণ ১৪৩৩ / ১০ আগস্ট ২০২৬

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
৩. জেলা প্রশাসক, টাঙ্গাইল
৪. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ
৫. পুলিশ সুপার, টাঙ্গাইল
৬. জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল
৭. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, টাঙ্গাইল
৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল), টাঙ্গাইল
৯. সিনিয়র জেলা তথ্য অফিসার, টাঙ্গাইল।
১০. চেয়ারম্যান/প্রশাসক, (সকল) উপজেলা পরিষদ, টাঙ্গাইল।
১১. মেয়র/প্রশাসক, (সকল) পৌরসভা, টাঙ্গাইল।
১২. উপজেলা নির্বাচন অফিসার (সকল), টাঙ্গাইল। (বিজ্ঞপ্তিসহ খসড়া ভোটকেন্দ্রের তালিকা সংশ্লিষ্ট সকল কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১৩. সভাপতি/সাধারণ সম্পাদক,............................... প্রেসক্লাব, টাঙ্গাইল।
১৪. চেয়ারম্যান/প্রশাসক, (সকল) ইউনিয়ন পরিষদ, টাঙ্গাইল।
১৫. অফিস কপি

১০/৮/২০২৬
মোহাম্মদ তাজুল ইসলাম
(পরিচিতি নম্বর: ১০৯০৫০২৮)
সিনিয়র জেলা নির্বাচন অফিসার
টাঙ্গাইল